শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে গৃহীত কর্মসূচী যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| তারিখ | : | ১৪ শ্রাবণ ১৪২৭<br>২৯ জুলাই, ২০২০ |
| সময় | : | সকাল ১১.৩০ টা |
| স্থান | : | (Zoom Meeting) |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। ১৫ আগস্ট ২০২০ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের লক্ষে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের করণীয় ও কর্মসূচি প্রণয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের এবং স্থানীয় সরকার বিভাগে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর কারণে সামাজিক দূরুত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দেয়ার বিষয়ে আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| **আলোচ্য বিষয়** | **জাতীয় পতাকা অর্ধনমিতকরণ** | | |
|---|---|---|---|
| গৃহীত সিদ্ধান্ত | ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| | ১. | ১৫ আগস্ট ২০২০ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। তারই অনুবৃত্তিক্রমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়, ৮১ গুলশান এভিনিউ কার্যালয়, গুলশান ৯০ নম্বর রোডের ডিএনসিসি কার্যালয়, কাউন্সিলর কার্যালয় এবং ৫টি আঞ্চলিক অফিসসহ ডিএনসিসি'র দাপ্তরিক স্থাপনাসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | ১. সম্মানিত কাউন্সিলর (সকল)<br>২. বিভাগীয় প্রধান (সকল)<br>৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| | ২. | ডিএনসিসি'র আওতাভূক্ত এলাকায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার না করা ও মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করা ইত্যাদি বিষয়সমূহ পর্যবেক্ষণের জন্য স্ব স্ব আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এবং বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট'কে দায়িত্ব প্রদান করা হয়। | ১. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>২. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট |
| | ৩. | জাতীয় পতাকা নতুনভাবে ০২ (দুই) সেট করে তৈরি করে রাখার জন্য প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা পদক্ষেপ গ্রহণ করবেন। | প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা |

| **আলোচ্য বিষয়** | **১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদের কবরে (ঢাকার বনানী কবরস্থানে) সকাল ০৭.৩০ ঘটিকায় পুস্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ, ফাতেহা পাঠ ও দোয়া।** | | |
|---|---|---|---|
| গৃহীত সিদ্ধান্ত | ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| | ১. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদের কবরে (ঢাকার | • প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ ও ফাতেহা পাঠ ও দোয়া উপলক্ষ্যে অনুষ্ঠানস্থল, সমগ্র বনানী কবরস্থান এবং পার্শ্ববর্তী এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | • প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ |
| ২. | বনানী কবরস্থান এলাকায় ত্রিপলযুক্ত পানি নিরোধক (ওয়াটার প্রুফ) প্যান্ডেল স্থাপন। | প্রধান প্রকৌশলী |
| ৩. | বনানী কবরস্থান, পার্শ্ববর্তী এলাকা ও প্যান্ডেলে পর্যাপ্ত লাইটিং ও বজ্র নিরোধক ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী |
| ৪. | বানর এর অনাকাঙ্খিত অনুপ্রবেশ এড়াতে প্যান্ডেল এর সিলিং ভালোভাবে করতে হবে এবং বন বিভাগকে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | • প্রধান প্রকৌশলী<br>• প্রধান বন সংরক্ষক<br>• প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৫. | ১৫ আগস্ট ২০২০ উপলক্ষ্যে বনানী কবরস্থানের ছাদের ফুলের টব (নিরাপত্তার স্বার্থে) অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৬. | বনানী কবরস্থান এলাকায় যদি সম্ভব হয় ফুলের টবে দৃষ্টিনন্দন ফুলের গাছ লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে নিরাপত্তাজনিত বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার পূর্বক বিবেচনা করতে হবে। | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৭. | বনানী কবরস্থানের আশেপাশের বাড়ীগুলোর বাহ্যিক অংশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখার জন্য বাড়ির মালিকদের অনুরোধ জানাতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৮. | বনানী কবরস্থানের অফিস/বিশ্রাম কক্ষ/ভিভিআইপি কক্ষ ধোয়া মোছাসহ প্রয়োজনীয় সংস্কার, মানসম্মত টয়লেট, টয়লেট্রিজ, টয়লেটে প্রবেশের স্যান্ডেল, শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র, লাইটিং এবং ভিভিআইপি কক্ষের আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জামাদি যথাযথভাবে প্রস্তুত রাখতে হবে। | • প্রধান প্রকৌশলী<br>• প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৯. | অনুষ্ঠানের দিন বনানী কবরস্থানে ডিএনসিসি'র যেসব কর্মকর্তা/কর্মচারি অবস্থান করবে তাদের এসবি পাশ সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | আগামী ১৩/০৮/২০২০ খ্রি: তারিখ রাত ১২.০০ টার মধ্যে বনানী কবরস্থানের আশে পাশের সকল অপ্রয়োজনীয় ও দৃষ্টিকটু বিজ্ঞাপন, ব্যানার, পোস্টার, ফেস্টুন অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ১১. | বনানী কবরস্থানে প্রবেশমুখে হ্যান্ড স্যানিটাইজার, ভিআইপি অতিথিদের জন্য প্রয়োজনীয় খাবার পানি ও কমপক্ষে ২০টি বড় ছাতা মজুদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ১২. | পবিত্র কোরআন তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাত পরিচালনার জন্য নিয়মিত ঈমামসহ বিকল্প ঈমাম (এসবি পাশসহ) এর উপস্থিতি নিশ্চিত করণ। | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদের কবরে ডিএনসিসি'র পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদনের লক্ষে প্রয়োজনীয় সংখ্যক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি প্রস্তুত রাখা হবে। | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | ১৫ আগস্ট ২০২০ উদযাপন উপলক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ | সম্মানিত কাউন্সিলর (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | কর্তৃক জারীকৃত নিম্নরূপ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবেঃ<br><br>**শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান :**<br>১. অনুষ্ঠান স্থলে প্রবেশ ও বাহির পথ পৃথক ও নির্দিষ্ট করতে হবে।<br>২. শ্রদ্ধাজ্ঞাপন স্থানে একসাথে ১৫-২০ জনের বেশী মানুষ প্রবেশ করতে পারবেন না। আগত ব্যক্তিবর্গ নির্দিষ্ট দূরত্ব (৩ ফুট/কমপক্ষে ২ হাত) বজায় রেখে লাইন করে সারিবদ্ধভাবে প্রবেশ করবেন এবং শ্রদ্ধাজ্ঞাপন শেষে বের হয়ে যাবেন। সম্ভব হলে পুরো পথ পরিক্রমাটি গোল চিহ্ন দিয়ে নির্দিষ্ট করা যেতে পারে।<br>৩. সমাবেশে আগত সকলের মাস্ক পরা বাধ্যতামূলক। প্রবেশ পথে হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৪. সর্দি, কাশি, জ্বর বা শ্বাসকষ্ট নিয়ে কেউ অনুষ্ঠান স্থলে প্রবেশ করবেন না।<br>৫. হাচি বা কাশির সময় টিস্যু, রুমাল বা কুনুই দিয়ে নাক ও মুখ ঢাকতে হবে। ব্যবহৃত টিস্যু ও বর্জ্য ফেলার জন্য পর্যাপ্ত ঢাকনাযুক্ত বিনের ব্যবস্থা থাকতে হবে এবং জরুরীভাবে তা অপসারনের ব্যবস্থা করতে হবে।<br><br>**আলোচনা সভা/মিলাদ মাহফিল :**<br>১. জনসমাগম যথাসম্ভব কম রাখতে হবে। অনুষ্ঠানস্থল বা কক্ষের আয়তনের উপর লোকসংখ্যার উপস্থিতি নির্ধারণ করতে হবে।<br>২. অনুষ্ঠানে আগত সকলের মাস্ক পরিধান বাধ্যতামূলক। মাস্ক ব্যতিত কেউ অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে পারবেন না।<br>৩. প্রবেশপথে সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা যেতে পারে। সম্ভব না হলে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৪. অনুষ্ঠানস্থলে একজন থেকে আরেকজনের দূরত্ব (৩ ফুট/কমপক্ষে ২ হাত) বজায় রেখে বসার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে বসার স্থান নির্দিষ্ট করে দিতে হবে।<br>৬. হাচি বা কাশির সময় টিস্যু, রুমাল বা কুনুই দিয়ে নাক ও মুখ ঢাকতে হবে। ব্যবহৃত টিস্যু ও বর্জ্য ফেলার জন্য পর্যাপ্ত ঢাকনাযুক্ত বিনের ব্যবস্থা থাকতে হবে এবং জরুরীভাবে তা অপসারনের ব্যবস্থা করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| আলোচ্য বিষয় | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ** | | |
| গৃহীত সিদ্ধান্ত | ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| | ১. | ১৫ আগস্ট ২০২০ তারিখ সকাল ০৯.০০ ঘটিকার সময় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সমন্বিতভাবে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | • সম্মানিত কাউন্সিলর (সকল)<br>• বিভাগীয় প্রধান (সকল)<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |

| | | |
|---|---|---|
| | | • শ্রমিক-কর্মচারি সংগঠনসমূহ |
| ২. | জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের জন্য মানসম্মত ২টি ফুলের তোড়া, প্রয়োজনীয় সংখ্যক কালো ব্যাচ এবং একটি ব্যানার তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |

| | |
|---|---|
| আলোচ্য বিষয় | **জাতীয় শোক দিবস উপলক্ষে মসজিদে বিশেষ মোনাজাত ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা** |
| সিদ্ধান্ত | সামাজিক দূরত্ব ও স্বাস্থ্য বিধি প্রতিপালনপূর্বক ১৫ আগস্ট ২০২০ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার মসজিদসমূহে বাদ জোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে। |
| বাস্তবায়ন | সম্মানিত কাউন্সিলর (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| আলোচ্য বিষয় | **জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কমিটি গঠন** |
| আলোচনা | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে (ক) কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (খ) বনানী কবরস্থানের সার্বিক ব্যবস্থাপনা উপ-কমিটি গঠনের প্রয়োজনীয়তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। |
| গৃহীত সিদ্ধান্ত | বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত কমিটি ও উপ-কমিটি গঠনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়: |

**কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি:**

| | | | |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আতিকুল ইসলাম, মাননীয় মেয়র | - | আহ্বায়ক |
| ২. | প্রধান নির্বাহী কর্মকর্তা | - | সদস্য |
| ৩. | সম্মানিত কাউন্সিলর (সকল) | - | সদস্য |
| ৪. | বিভাগীয় প্রধান (সকল) | - | সদস্য |
| ৫. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) | - | সদস্য |

**বনানী কবরস্থানের সার্বিক ব্যবস্থাপনা উপকমিটি:**

| | | | |
|---|---|---|---|
| ১. | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯ | - | আহ্বায়ক |
| ২. | প্রধান প্রকৌশলী | - | সদস্য |
| ৩. | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা | - | সদস্য |
| ৪. | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা | - | সদস্য |
| ৫. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ | - | সদস্য |
| ৬. | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য |
| ৭. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) | - | সদস্য |
| ৮. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) | - | সদস্য |
| ৯. | নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৩ | - | সদস্য |

| | |
|---|---|
| আলোচ্য বিষয় | **জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন, এলইডি ডিসপ্লে'র মাধ্যমে প্রচারণা, নিজস্ব ভবনে ড্রপ ওয়াল ব্যানার প্রদর্শন, On Line পোস্টার প্রদর্শন/প্রচার।** |
| আলোচনা ও সিদ্ধান্ত | ঢাকা শহরের গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি ডিসপ্লে'র মাধ্যমে ব্যাপকভাবে প্রচারণার ব্যবস্থা করা হবে। Webpage ও Facebook এর মাধ্যমে জাতীয় শোক দিবসে On Line পোস্টার প্রদর্শন/প্রচার করা হবে। নিজস্ব ভবনে ড্রপ ওয়াল ব্যানার প্রদর্শন করা হবে। |
| বাস্তবায়নকারী | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা/প্রধান রাজস্ব কর্মকর্তা/জনসংযোগ কর্মকর্তা/ সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| আলোচ্য বিষয় | **জাতীয় শোক দিবসে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সভা ও দোয়া মাহফিল** |
| আলোচনা ও সিদ্ধান্ত | জাতীয় শোক দিবসে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কর্ম ও জীবনীভিত্তিক সভা ও দোয়া মাহফিল করা হবে। |
| বাস্তবায়নকারী | সম্মানিত কাউন্সিলর (সকল)/বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| আলোচ্য বিষয় | **মুজিববর্ষের কোট পিন পরিধান ও কালো ব্যাজ ধারণ** |

| | |
|---|---|
| আলোচনা ও সিদ্ধান্ত | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল কর্মকর্তাবৃন্দ মুজিববর্ষের কোট পিন পরিধান করবে এবং আগষ্ট মাসব্যাপী সকল কর্মকর্তা/কর্মচারীগণ কালো ব্যাজ ধারণ করবে। |
| বাস্তবায়নকারী | বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি। |

| আলোচ্য বিষয় | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন। | | |
|---|---|---|---|
| **গৃহীত সিদ্ধান্ত** | **ক্র. নং** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
| | ১. | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের লক্ষে জাতীয় কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে আগামী ১৯ আগস্ট ২০২০ তারিখ বাদ আছর ডিএনসিসি'র প্রধান কার্যালয়ে আলাদাভাবে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। | • প্রধান নির্বাহী কর্মকর্তা, ডিএনসিসি।<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) ডিএনসিসি। |
| | ২. | দোয়া মাহফিলের ব্যয় নির্বাহের জন্য প্রতিটি অঞ্চলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে বরাদ্দ প্রদান করা হবে।<br>প্রধান কার্যালয়ের আলোচনা ও দোয়া মাহফিলের জন্য তবারক, ব্যানার তৈরী, আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ, সাউন্ড সিস্টেমসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। | • আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি।<br>• প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ডিএনসিসি।<br>• প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি। |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(মোঃ আতিকুল ইসলাম)**
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং- ৪৬.১০.০০০০.০০৬.২৩.২০০.১৬- ১১৭

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪২৭
১০ আগস্ট ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন,আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........../সংরক্ষিত ওয়ার্ড নং......... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. বিভাগীয় প্রধান (সকল) ................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ................, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. উপ প্রধান রাজস্ব কর্মকর্তা (পৌরকর), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)/(বিদ্যুৎ)/(যান্ত্রিক)/টিইসি/পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ডিএনসিসি।
১২. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৩, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৬. অফিস কপি।

১০/৮/২০২০

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন